গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ: ০৬.০৫.২০২৪ খ্রি.

# ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষে কোটা ভর্তির বিজ্ঞপ্তি

মুরারিচাঁদ কলেজ, সিলেট-এ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষ বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, দর্শন, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, পদার্থবিদ্যা, রসায়ন, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, মনোবিজ্ঞান, পরিসংখ্যান ও গণিত বিষয়ে আগামী ০৭.০৫.২০২৪ তারিখ হতে কোটা মেধা তালিকায় নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম শুরু হবে।

**১। ভর্তির যোগ্যতা:**
জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশিত কোটা মেধা তালিকায় বিষয়ভিত্তিক নির্বাচিত আবেদনকারীরা অনার্স ১ম বর্ষে ভর্তি হতে পারবে।

**২। আবেদনের নিয়ম:**

অনার্স ১ম বর্ষ কোর্সে ভর্তি ইচ্ছুক প্রার্থীদের নিম্নবর্ণিত website- এ প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে হবে: **www.nu.ac bd/admissions**

৩। শিক্ষার্থী কর্তৃক কার্যসম্পাদনের ধাপসমূহ:

ধাপ-১ : Online এ আবেদন ফরম সঠিকভাবে পূরণপূর্বক Submit করে A4 সাইজের অফসেট কাগজে এর ০২ কপি প্রিন্ট আউট নিতে হবে। **আসন শূন্য থাকা সাপেক্ষে মেধার ভিত্তিতে বিষয় পরিবর্তন করতে চাইলে শিক্ষার্থীকে অনলাইন ফরমের নির্দিষ্ট ঘরে টিক চিহ্ন (√) দিতে হবে। অন্যথায় পরবর্তীতে বিষয় পরিবর্তনের আর কোন সুযোগ থাকবে না। টিক চিহ্ন (√) দিলে যদি বিষয় পরিবর্তন হয়, তবে প্রাপ্ত নতুন বিষয়টি আর পরিবর্তন করা যাবে না।**

**ধাপ-২ :** ধাপ-১ এর প্রিন্ট কপির ০১ কপির নির্ধারিত স্থানে প্রার্থী তার স্বাক্ষর দিবে, ফরমের সাথে ইশিক্ষার মাধ্যমে টাকা জমাদানের রশিদ সংযুক্ত করতে হবে।

ধাপ-৩: কলেজের ভর্তির ওয়েবসাইট **http://mccollege.eshiksaems.com** ওয়েব এড্রেসে প্রবেশ করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভর্তি ফি বিকাশ/নগদ এ প্রদান করলে শিক্ষার্থীর মোবাইলে ভর্তি সম্পন্ন হওয়ার SMS যাবে।

## অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা-

- কলেজের ভর্তির ওয়েবসাইট **http://mccollege.eshiksaems.com** এ গিয়ে নিম্নোক্ত **User Name ও Password দিয়ে** ভর্তি কার্যক্রম শুরু করতে হবে।
- **User Name: mcstudent, Password: mcstudent** দিয়ে **Sign In** করতে হবে।
- এরপর **Admission** এ ক্লিক করে **Click for New Admission** এ ক্লিক করতে হবে।
- **Select Honours Department** এবং **Enter Admission Roll (7 Digit জাতীয় বিশ্ববিদ্যালয় রেজাল্টে Admission Roll আছে )** ঘর দুটি পূর্ণ করে **Check for Admission** এ ক্লিক করলে ভর্তি ফরম আসবে।
- ভর্তি ফরমে চাহিত তথ্যাদি প্রদান করে Save বাটন ক্লিক করলে টাকার পরিমাণসহ ভর্তি ফরম আসবে।
- ভর্তি ফি প্রদান করে **Application Form Reprint** অপশন থেকে পূরণকৃত ফরম ডাউনলোড করে ২ কপি প্রিন্ট করে ১ কপি নিজ বিভাগে জমা দিতে হবে এবং অন্যকপি নিজের সংগ্রহে রাখতে হবে।

**ধাপ-৩ :** ধাপ-২ সম্পন্ন করার পর নিম্নোক্ত কাগজসমূহ স্ট্যাপলার দ্বারা সংযুক্ত করে একটি নির্দিষ্ট খামে সংরক্ষণ করতে হবে।

কাগজসমূহ:(ক) ধাপ-২ এর প্রিন্ট কপি ইশিক্ষায় পরিশোধিত টাকার রশিদসহ)।

(খ) এইচএসসি/সমমান পরীক্ষা পাশের মূল নম্বরপত্র।
(গ) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষা পাশের সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপি (সত্যায়িত বিহীন)
(ঘ) প্রাথমিক অনলাইন আবেদনের সময় যে ছবি দেওয়া হয়েছিল তার পাসপোর্ট সাইজের ০১ কপি ছবি (সত্যায়িত বিহীন এবং ছবির পিছনে নাম, বিভাগ ও ভর্তি রোল নম্বর উল্লেখ থাকতে হবে।)

(উল্লেখ্য যে, এইচএসসি/সমমান পরীক্ষা পাশের মূল নম্বরপত্র বিভাগে জমা দেওয়ার পূর্বে অবশ্যই ফটোকপি করে পরবর্তী প্রয়োজনীয় কাজের জন্য নিজের নিকট সংরক্ষণ করতে হবে।)

**ধাপ-৪ :** ধাপ-৩ এ প্রস্তুতকৃত খামটির উপরে নাম, বিভাগ, ভর্তি রোল নং, মোবাইল নম্বর এবং ঠিকানা লিখে নিম্নোক্ত তারিখের মধ্যে স্ব স্ব বিভাগে জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**স্ব স্ব বিভাগে ভর্তি ফর্মসহ যাবতীয় কাগজপত্র জমা দেওয়ার তারিখ ০৭.০৫.২০২৪ হতে ১৪.০৫.২০২৪ তারিখ পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত)**

বি:দ্র:
১। ভর্তি ফি জমা দেয়ার সময়সূচি (শুধু ২য় মেধা তালিকার জন্য) : **০৭.০৫.২০২৪ থেকে ১৪.০৫.২০২৪ তারিখ পর্যন্ত।** উল্লেখ্য যে, ভর্তি ফিস এবং বিভাগে কাগজ জমা দেওয়ার সময়সীমা অনুসরণ না করলে যদি ভর্তি সংক্রান্ত কোন জটিলতা সৃষ্টি হয় তবে বিভাগ ও কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

**২। কোটা মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ১২ মে ২০২৪ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে চূড়ান্ত ভর্তি ফরম উত্তোলন করতে হবে। ভর্তি বাতিল করলে ভর্তি কার্যক্রম চলমান থাকা অবস্থায় তা পুন:বহাল করার কোন সুযোগ থাকবে না।**

৩। **বিষয় পরিবর্তন :** যে সকল শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হয়েছে তারা নির্ধারিত ওয়েবসাইট থেকে ভর্তি ফরম সংগ্রহপূর্বক ইশিক্ষার মাধ্যমে আবেদন করে নতুন রোলনম্বরসহ পরিবর্তিত বিভাগে যাবে এবং পরিবর্তিত বিভাগে গিয়ে সংশ্লিষ্ট কাগজপত্র জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

- ✓ **বিষয় পরিবর্তনের ক্ষেত্রে পূর্ববর্তী বিভাগ সংশ্লিষ্ট শিক্ষার্থীর ভর্তির জন্য জমাকৃত কাগজপত্র পরিবর্তিত বিভাগে বিভাগীয় অফিসের মাধ্যম প্রেরণ করবেন।**
- ✓ **বিষয় পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষার্থীদের কোন ফি প্রদান করতে হবে না। সংশ্লিষ্ট বিভাগের প্রাপ্য সেমিনার ফি পরবর্তীতে সমন্বয় করা হবে। শুধুমাত্র মানবিক বিভাগ থেকে বিষয় পরিবর্তন হয়ে যে সকল শিক্ষার্থী বিজ্ঞান বিভাগে ভর্তি হবে তাদেরকে সেমিনার ফি ৬০০+অন্যান্য ফি বিভাগে নগদ জমা দিতে হবে।**

## **২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১ম বর্ষ অনার্স ভর্তির বিষয়ভিত্তিক ফি**

| অনার্স বিষয় | জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফি ও সেশন ফি | | সেমিনার ফি | মোট প্রদেয় | |
|---|---|---|---|---|---|
| | মুসলিম | অন্যান্য ধর্মাবলী | | মুসলিম | অন্যান্য ধর্মাবলী |
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইস.ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান সমাজবিজ্ঞান, অর্থনীতি, | ৩৮২৫/- | ৩৮৩০/- | ১৬০০/- | ৫৪২৫/- | ৫৪৩০/- |
| উদ্ভিদবিজ্ঞান,মনোবিজ্ঞান, পরিসংখ্যান | ৩৯২৫/- | ৩৯৩০/- | ২২০০/- | ৬১২৫/- | ৬১৩০/- |
| প্রাণিবিজ্ঞান | ৩৮৮৫/- | ৩৮৯০/- | ২২০০/- | ৬০৮৫/- | ৬০৯০/- |
| পদার্থবিজ্ঞান | ৩৯৪৫/- | ৩৯৫০/- | ২২০০/- | ৬১৪৫/- | ৬১৫০/- |
| রসায়ন বিজ্ঞান | ৩৯৬৫/- | ৩৯৭০/- | ২২০০/- | ৬১৬৫/- | ৬১৭০/- |
| গনিত | ৩৯৮৫/- | ৩৯৯০/- | ২২০০/- | ৬১৮৫/- | ৬১৯০/- |

**শিক্ষার্থী কর্তৃক জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে অনলাইন আবেদনের শেষ তারিখ: ১৪.০৫.২০২৪**
**ভর্তির টাকা জমাদানের শেষ তারিখ: ১৪.০৫.২০২৪**
**স্ব স্ব বিভাগে ভর্তি ফর্মসহ যাবতীয় কাগজপত্র জমা দেওয়ার শেষ তারিখ: ১৪.০৫.২০২৪**

০৬/৫/২০২৪
অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট

E:\Zakir.My Doc:Hons-Admission/20-21.MCC